# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর

## কনজুমার্স  ঋণ নীতিমালা(সংশোধিত, আগষ্ট ২০১৫)

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

# মতিঝিল, ঢাকা।

**বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ**
৯-ডি, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
**ফোনঃ ৯৫৫৭৮০০, ৯৫৬০৯১৭, ৯৫৬৪৬২৮**

**কনজুমার্স ঋণনীতিমালা(সংশোধিত,আগষ্ট/২০১৫)**

**(ব্যবস্থাপনা কমিটির ২৬/০৮/২০১৫ইং তারিখের সভার সিদ্ধান্ত মতে ২৮.০৭.১৬ তারিখে ৩৯ তম বার্ষি ক সাধারণ সভায় অনুমোদিত)**

| | |
|---|---|
| **১। ঋণের কর্ম সূচীর নামঃ** | কনজুমার্স ঋণ |
| **২। ঋণের প্রকৃতিঃ** | স্বল্প ও মধ্যমেয়াদী। |
| **৩। ঋণের উদ্দেশ্যঃ** | (ক) সীমিত আয়ের চাকুরীজীবিদের জীবন যাত্রার মান উন্নয়নে সহায়তা করা ;<br>(খ) সীমিত আয়ের চাকুরীজীবিদের গৃহস্থালী কর্মে ব্যবহার্য দ্রব্যাদিভোগ্য পণ্য ক্রয়ে সহায়তা প্রদান করা; |
| **৪। ঋণসীমাঃ** | গ্রাহক প্রতি সর্বো াচ্চ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা; |
| **৫। সুদের হারঃ** | ১৫% হারে সরল সুদ। নিয়মিত ঋণের ক্ষেত্রে সরল হারে এবং অনিয়মিত ঋণের (কিস্তি খেলাপী) ক্ষেত্রে চক্রবৃদ্ধি হারে; |
| **৬। ঋণের মেয়াদঃ** | সর্বো াচ্চ পাঁচ বছর । তবে পঞ্চাশ হাজার হতে দু' লক্ষ পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সর্বো াচ্চ তিন বছর |

**৭। কিসিত্মঃ** মাসিক সম কিস্তি।(প্রতি মাসের ২০ তারিখের মধ্যে কনজুমার্স ঋণ দাদন যোগ্য এবং পরবর্তী মাসের ১-১০ তারিখের মধ্যে মুনাফাসহ কিসিত্ম আদায়যোগ্য);

| ঋণ সীমা | ১বৎসরে পরিশোধযোগ্য হলে মাসিক কিস্তি | ২বৎসরে পরিশোধযোগ্য হলে মাসিক কিস্তি | ৩বৎসরে পরিশোধযোগ্য হলে মাসিক কিস্তি | ৪বৎসরে পরিশোধযোগ্য হলে মাসিক কিস্তি | ৫বৎসরে পরিশোধযোগ্য হলে মাসিক কিস্তি |
|---|---|---|---|---|---|
| **৫০,০০০/-** | **৪,৫১২/-** | **২,৪২৪/-** | **১,৭৩৩/-** | **-** | **-** |
| **১,০০,০০০/-** | **৯,০২৫/-** | **৪,৮৪৮/-** | **৩,৪৬৬/-** | **-** | **-** |
| **১,৫০,০০০/-** | **১৩,৫৩৮/-** | **৭,২৭৩/-** | **৫,১৯৯/-** | **-** | **-** |
| **২,০০,০০০/-** | **১৮,০৫১/-** | **৯,৬৯৭/-** | **৬,৯৩৩/-** | **-** | **-** |
| **২,৫০,০০০/-** | **২২,৫৬৪/-** | **১২,১২১/-** | **৮,৬৬৬/-** | **-** | **-** |
| **৩,০০,০০০/-** | **২৭,০৭৭/-** | **১৪,৫৪৫/-** | **১০,৩৯৯/-** | **৮,৩৪৯/-** | **৭,১৩৬/-** |
| **৪,০০,০০০/-** | **৩৬,১০৩/-** | **১৯,৩৯৪/-** | **১৩,৮৬৬/-** | **১১,১৩২/-** | **৯,৫১৫/-** |
| **৫,০০,০০০/-** | **৪৫,১২৯/-** | **২৪,২৪৩/-** | **১৭,৩৩২/-** | **১৩,৯১৫/-** | **১১,৮৯৪/-** |

বিঃদ্রঃ অবশিষ্ট পাওনা যদি কিছু থাকে তা অবশ্যই শেষ কিস্তির সাথে আদায় করা হবে।

**৮। ঋণ মঞ্জুরীর ক্ষমতাঃ** **সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৪৯ ধারা অনুযায়ী ঋণ মঞ্জুরী সংক্রান্ত সভাপতির আদেশ উক্তরূপ ক্ষমতা প্রয়োগের অব্যবহতি পরবর্তী ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।**

**৯। ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ**

(১) নিম্নে বর্ণি ত প্রতিষ্ঠনের স্থায়ী কর্ম কর্তা ও কর্ম চারীগণ

(ক) সরকারী প্রতিষ্ঠান ;

(খ) আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ;

(গ) রাষ্ট্রায়ত্ব ব্যাংক ও বীমা কোম্পানী ;

(ঘ) স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় (সরকারী/এম,পি,ও ভূক্ত)

(ঙ) প্রতিষ্ঠিত ট্রেনিং ইনস্টিটিউট/ গবেষণা প্রতিষ্ঠান ;

(চ) আন্তর্জাতিক প্রতিষ্ঠান/ বহুজাতিক কোম্পানী ;

(ছ) বেসরকারী ব্যাংক ও বীমা কোম্পানী ;

(জ) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিল্কভিটা) সহ অন্যান্য খ্যাতিমান সমবায় সমিতি ;

উপরোক্ত প্রতিষ্ঠানে পিএফ সুবিধা থাকা সাপেক্ষ এবং বেসরকারী কোম্পানী / সংস্থা যেখানে প্রভিডেন্ড ফান্ড সুবিধা রয়েছে সেখানকার কর্ম কর্তা ও কর্ম চারীগণ;

(২) জাতীয়তাঃ বাংলাদেশী ।

(৩) সর্বে াচ্চ সময়সীমাঃ ঋণ প্রার্থীর চাকুরির মেয়াদের মধ্যে সমুদয় ঋণ পরিশোধ হবে এমন ভাবে মাসিক কিস্তি নির্ধ ারণ করতে হবে;

(৪) মাসিক বেতনের/ আয়ের এক তৃতীয়াংশের মধ্যে কিসিত্ম সংকুলান হয় এরূপ কর্ম কর্তা/ কর্ম চারীকে ঋণ প্রদান করা যেতে পারে;

(৫) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর কর্ম কর্তা/কর্ম চারীগণ;

(৬) সরকারী আধাসরকারী, স্বায়ত্বশাসিক, এম,পি,ও ভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্ম রত স্থায়ী কর্ম কর্তা/কর্ম চারীদের চাকুরীর বয়স ন্যূনতম তিন বছর হতে হবে এবং চাকুরীর মেয়াদ এল, পি, আর বাদে গৃহিত ঋণ পরিশোধের সময় অবশিষ্ট থাকতে হবে। **তবে চাকুরীর নূন্যতম বয়সের বিধানটি বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ কর্ম রত কর্ম কর্তা/ কর্ম চারীদের ক্ষেত্রে নিম্মোক্ত শর্ত সাপেক্ষে বাধ্যতা মূলক নয়।** শর্ত:-ব্যাংকে কর্ম রত গ্রাহকের সমপর্য ায়

অথবা সিনিয়র পদ মর্যাদার কর্মকর্তা যা: ব্যাংকে চাকুরীকাল কমপক্ষে পাঁচ বছর সম্পন্ন হয়েছে এবং যার চাকুরীর মেয়াদকাল আরও পাঁচ বছর অবশিষ্ট আছে এমন কেউ যদি গ্যারান্টার হয়ে উক্ত গ্রাহকের অবর্তমানে অথবা ঋণ খেলাপী হলে অথবা ঋণ আদায়ে কোন সমস্যা হলে গ্যারান্টার তার নিজ বেতন হতে কিস্তি কর্তনের মাধ্যমে ঋণ পরিশোধে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকার নামা প্রদান করলে এ ঋণ প্রদান করা যাবে।

১০। আবেদন পত্র দাখিল পদ্ধতিঃ

(ক) উপজেলা/ জেলা সমবায় কার্যালয়ের কর্মক/ কর্মচারীদের ঋণের আবেদন পত্র অবশ্যই জেলা সমবায় অফিসারের মাধ্যমে পাঠাতে হবে । এক্ষেত্রে দাখিলকৃত কাগজপত্র ব্যাংক কর্তৃক তদন্ত করার প্রয়োজন নাই।

(খ) সমবায় অধিদপ্তর ব্যতিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের ঋণের আবেদন পত্র বাংলাদেশ সমবায় ব্যাংকের স্থানীয় কর্মকর্তা আবেদনকারীর দাখিলকৃত কাগজপত্র সরেজমিনে তদন্ত করে তদন্ত প্রতিবেদন সহ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ প্রেরণ করবেন ।

১১। প্রভিডেন্ট ফান্ডঃ

(১) চাকুরীরত আবেদনকারীর অবশ্যই প্রভিডেন্ট ফান্ড থাকতে হবে।

**১২। পণ্য/ খাতের নামঃ**

(ক) কম্পিউটার/ স্ক্যানার ;
(খ) এয়ার কন্ডিশনার/ এয়ারকুলার ;
(গ) ওয়াটারকুলার/ ওয়াটার পাম্প ;
(ঘ) ফ্রিজ/ ডিপ ফ্রিজ ;
(ঙ) টেলিভিশন/ ডিশ এন্টিনা ;
(চ) আসবাপত্র যেমন- খাট/ আলমারি/ সোফাসেট/ ওয়ারড্রব/ কার্পেট ইত্যাদি ;
(ছ) সেলাই মেশিন/ সোয়েটার বুনন মেশিন/ এমব্রয়ডারী মেশিন ইত্যাদি ;
(জ) ওয়াশিং মেশিন ;

(ঝ) ইলেকট্রিক ইস্ত্রি/ অটোমেটিক ইলেকট্রিক গ্রাইন্ডার/ টোস্টার/ বেস্নন্ডার/ মিকচার মেশিন/ প্রেসার কুকার/ ওভেন/ মাইক্রোওয়েভ ওভেন/ গিজার ইত্যাদি ;

(ঞ) ক্যামেরা/ মুভি ক্যামেরা ;

(ট) বিভিন্ন প্রকার ইলেকট্রিক ফ্যান ;

(ঠ) টেলিফোন সেট/ ফ্যাক্র মেশিন/ সেলুলার ফোন/মোবাইল ফোন/ কর্ড লেস টেলিফোন/ টেলিফোন আনসারিং মেশিন ইত্যাদি;

(ড) ফটোষ্ট্যাট মেশিন/ জেনারেটর/ আইপিএস/ ইউপিএস/ শিক্ষা সরঞ্জাম ;

(ঢ) ক্রোকারিজ/ কাটলারিজ/ ডিনারসেট/ টি-সেট ;

(ণ) মটর সাইকেল ;

**১৩। বিতরণ পদ্ধতিঃ** গ্রাহক মার্জিনের টাকা তার চলতি/সঞ্চয়ী হিসাবে জমা রাখবেন। ঋণের টাকা এবং মার্জিনের টাকা একত্রে বিক্রেতা/দরদাতার নামে একাউন্টপেয়ী পে-অর্ডারের মাধ্যমে দ্রব্য সামগ্রীর মূল্য পরিশোধ করতে হবে। তবে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীসহ সকল গ্রাহকের মার্জিনের ২০% টাকা (ডাউন পেমেন্ট)ব্যাতিরেকে প্রকৃত মঞ্জুরীকৃত পণ্যের মূল্য পরিশোধের মুল ক্যাশমেমো দাখিল সাপেক্ষে গ্রাহকের হিসাবে টাকা জমা করা, পে-অর্ডার অথবা ডি.ডি. ইস্যু করা যেতে পারে।

**১৪। পরিশোধ পদ্ধতিঃ** ঋণের কিসিত্ম মাসিক ভিত্তিতে সুদসহ পরিশোধযোগ্য। ঋণ গ্রহণের পরবর্তী মাস হতে ঋণের কিসিত্ম প্রদান শুরু করতে হবে। যা প্রতি মাসের দশ তারিখের মধ্যে পরিশোধ যোগ্য। মাসের ১৫ তারিখের পর ঋণের কিস্তি পরিশোধ করলে জরিমানাসহ প্রদান করতে হবে। প্রত্যেক ঋণ গ্রহীতাকে অবশ্যই ঋণ বিতরণকারী শাখায় একটি সঞ্চয়ী/চলতি হিসাব খুলতে হবে। ঋণের কিস্তি হিসাব করে উক্ত হিসাবের অগ্রীম চেক পণ্যসামগ্রী সরবরাহের পূর্বে ই ব্যাংকে হসত্মামত্মর করতে হবে এবং প্রতিমাসে যাতে ঋণের কিস্তি পরিশোধিত হয় সেই পরিমাণ অর্থ ঐ হিসাবে জমা রাখতে হবে। অবশিষ্ট পাওনা যদি কিছু থাকে তা অবশ্যই শেষ কিস্তির সাথে

পরিশোধ করতে হবে। ঋণ গ্রহীতা কর্তৃক ঋণ সরাসরি জমা গ্রহণ করা যাবে। কোন কারণে পর পর দুইটি কিসিত্মর টাকা পরিশোধিত না হলে ঋণ গ্রহীতা ও তার জামিনদারকে (প্রযোজ্য ক্ষেত্রে) নোটিশ প্রদান পূর্ব ককিস্তি আদায়ের ব্যবস্থা নিতে হবে। প্রতিটি কিসিত্মর জন্য ১টি করে এবং অতিরিক্ত ১টি ঋণ বিতরণকারী শাখায় রক্ষিত গ্রহীতার হিসাবের অগ্রীম তারিখের চেক গ্রহণ করতে হবে। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ঋণের মাসিক কিস্তির টাকা তাদের প্রতি মাসের নিজ নিজ বেতন থেকে কর্তন পূর্ব ক আদায় করা যেতে পারে। অন্যান্য গ্রাহকদের ক্ষেত্রে ব্যাংকে জমাকৃত MICR চেক ক্লিয়ারিং এর মাধ্যমে কিস্তির টাকা আদায় করা হবে।

**১৫। মার্জিন ঃ** সমমূলধন অনুপাত প্রার্থিত ঋণের২০% ।

**১৬। সহজামানতঃ**

**(ক) Hypothecation tt** ক্রয়কৃত ভোগ্য পণ্য ব্যাংকের নিকট হাইপোথিকেশনে (দখলবিহীন বন্ধক) থাকবে।

**(খ) Guaranteetঃ**

(১) বাংলাদেশ সমবায় ব্যাংক/অন্যান্য সকল অফিসের ক্ষেত্রে সমমর্যাদা সম্পন্ন বা এক ধাপ ওপরের কর্মকর্তা/ কর্মচারী গ্যারন্টি প্রদান করবেন। তবে যুক্তিসংগত কারণ থাকলে ব্যাংক কর্তৃপক্ষ গ্যারান্টারের পদমর্যাদার বিষয়টি শিথিল করতে পারবেন।

(২) গ্যারান্টারের চাকুরীকাল আবেদনকারীর ন্যায় ৩ বছর হতে হবে এবং আবেদনকারীর ঋণ পরিশোধের সময়সীমা পর্যন্ত অবশ্যই চাকুরীর মেয়াদ অবশিষ্ট থাকতে হবে।

(৩) উক্ত গ্যারান্টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। কর্মকর্তা/ কর্মচারী এক বা একাধিক ঋণের জন্য গ্যারান্টি দিতে পারবেন। অন্য সংস্থার ক্ষেত্রে উপরোক্ত শর্তের পরিবর্তে সংগৃহীত তার বেতন বিবরণী পর্যালোচনা পূর্ব ক এই মর্মে নিশ্চিত হবে,যে অন্যান্য কিস্তি কর্তন করার পরও প্রস্তাবিত ঋণের কিস্তি পরিশোধ করবার ক্ষমতা রয়েছে ;

(৪) ঋণগ্রহীতার স্বামী/স্ত্রী/ পিতা/মাতা/ সাবালক সন্তানকে স্বাক্ষী হতে হবে।
(৫) ঋণ পরিশোধের পূর্বে গ্রাহকের মৃত্যু হলে গ্রাহকের ওয়ারিশগণ উক্ত ঋণ মুনাফাসহ সমুদয় পাওনা পরিশোধ করতে বাধ্য থাকবে।

| | |
|---|---|
| **(গ) Employers certificate, No objection certificate, Salary certificatet** | বেসরকারী সংস্থার ক্ষেত্রে চাকুরীদাতা কর্তৃপক্ষ কর্তৃক সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান / সংস্থার ক্ষেত্রে দপ্তর প্রধান/ বেতন প্রদানকারী / নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এমপ্লয়ার্স সার্টি ফিকেট্ নোঅবজেকশন এবং বর্তমান স্যালারি সার্টিফিকেট গ্রহণ করতে হবে। |
| **(ঘ) Lient** | ঋণ গ্রহীতার প্রভিডেন্ট ফান্ড/গ্র্যাচুইটির ওপর লিয়েন মার্ক করতে হবে। |
| **(ঙ) চেকঃ** | (১) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর কর্মকর্তা/ কর্মচারীদের গৃহীত ঋণের কিসিত্ম তাদের মাসিক বেতন হতে কর্তন করা হবে।<br>(২) অন্যান্য ঋণ গ্রহীতার ক্ষেত্রে তাঁর পরিচালিত যেকোন তফসিলি ব্যাংক/বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হিসাবের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক MICR চেক অগ্রীম প্রদান করতে হবে। গ্রাহক যদি প্রয়োজনীয় সংখ্যক MICR চেকের পাতা একত্রে প্রদান করতে না পারেন তাহলে কমপক্ষে ২০টি জমা দিতে হবে এবং অবশিষ্ট চেকের পাতা ঋণ গ্রহণের ৬ মাসের মধ্যে ব্যাংক জমা দিতে বাধ্য থাকবেন। এ বিষয়ে তিনি একটি অঙ্গীকার নামা প্রদান করবেন। নিদির্ষ্ট সময়ের মধ্যে অবশির্ষ্ট চেকের পাতা জমা দিতে ব্যর্থ হলে ব্যাংক কর্তৃপক্ষ আইনগত যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবে। |

(৩) সমবায় অধিদপ্তরের যে সকল কর্ম কর্ত/কর্ম চারীর বেতন নগদে প্রদান করা হয় এবং কনজুমার্স ঋণের কিস্তি বেতন প্রদানের সময়ই নগদে আদায় করা হয় সেক্ষেত্রে সকল কিস্তির সমপরিমান MICR চেকের পরিবর্তে টোকেন হিসাবে ১০টি MICR চেকের পাতা গ্রহন করা যেতে পারে। সেক্ষেত্রে বেতন প্রদান কারী কর্তৃপক্ষকে নিশ্চয়তা প্রদান করতে হবে।

**১৭। ডকুমেন্টেশনঃ ঃ**

(ক) লেটার অব হাইপোথিকেশন ;
(খ) লেটার অব ডিসবার্স মেন্ট;
(গ) লেটার অব এ্যারেঞ্জমেন্ট ;
(ঘ) লেটার অব ইনস্টলমেন্ট ;
(ঙ) লেটার অব লিয়েন ;
(চ) লেটার অব গ্যারান্টি ;
(ছ) লোন এগ্রিমেন্ট ; (সরকার নির্ধারিত/বর্তমানে ৩০০ টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে)।
(জ) প্রমিসরি নোট;

**১৮। খরচাদিঃ**

সরবারহকৃত সামগ্রীর প্রয়োজনীয় লাইসেন্স,রেজিষ্ট্রেশন এবং বীমা খরচ ইত্যাদি গ্রাহককে বহন করতে হবে।

**১৯। ক্রয়কৃত দ্রব্যের ঃ মেরামত ও সংরক্ষন**

সরবরাহকৃত সামগ্রীর যাবতীয় মেরামত ও সংরক্ষণ খরচ গ্রাহক নিজে বহন করবেন।

**২০। ক্রয়কৃত দ্রব্যেরঃ**

গ্রাহককে প্রদত্ত সামগ্রী গ্রাহক নিজে ব্যবহার করবেন এবং কোন অবস্থায় অন্য কাউকে ব্যাংকের লিখিত পূর্ব অনুমতি ব্যতিরেকে ভাড়া প্রদান বা তার দখল হস্তান্তর করতে পারবে না।

**২১। ক্ষতিপূরণঃ**

গ্রাহক সরবারাহকৃত সামগ্রী যথাযথ যত্নের সাথে ব্যবহার করবেন এবং তার কর্তৃত্বাধীন থাকা অবস্থায় তার অসাবধানতা, অবহেলা এবং অদক্ষ ব্যবহারজনিত কারণে উক্ত সামগ্রীর কোন ক্ষতি সাধিত হলে এর ক্ষতি পূরণের জন্য সংশ্লিষ্ট গ্রাহক দায়ী থাকবেন।

| | |
|---|---|
| **২২। পরিদর্শণঃ** | প্রয়োজনে ব্যাংকের প্রতিনিধি সরেজমিনে পরিদর্শণ করে গ্রাহকের ক্রয়কৃত সামগ্রী সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা তা যাচাই করে দেখতে পারবেন। |
| **২৩। ঠিকানাঃ** | গ্রাহকের পরিবর্তিত নতুন কর্মস্থং,মোবাইল নম্বর ও বাসস্থান এর ঠিকানা ঋণ প্রদানকারী শাখাকে দ্রুত অবহিত করতে হবে। |
| **২৪। ঋণ- দায় অনুপাত Debt-Burden Ratio (DBR%)t** | মাসিক নীট বেতনের/ আয়ের এক তৃতীয়াংশের (**Error!**) অধিক ঋণের কিসিত্ম হতে পারবে না। তবে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে এই অনুপাত শিথিলযোগ্য। এ ব্যাপারে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার নিকট হতে অনাপত্তি পত্র গ্রহন করতে হবে। |
| **২৫। ঋণ প্রক্রিয়াকরণ ফিঃ** | ৫০০/- টাকা এবং প্রযোজ্য ভ্যাট। ঋণ বিতরণের পূর্বে ঋণ গ্রহীতার নিকট হতে ঋণ প্রক্রিয়াকরণ ফি আদায় করতে হবে। তবে ঋণের অংক হতে কোন ফি বা চার্জ কর্তন করা যাবে না। |
| **২৬। ব্যক্তিগত তথ্যাদি ও দরপত্র যাচাইকরণঃ** | (ক) নিয়োগদাতা/নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র<br>(খ) ঋণ গ্রহীতা ও গ্যারান্টারের বিসত্মারিত বিবরণ ;<br>(গ) ঋণ গ্রহীতার পরিচিত গুরুত্বপূর্ণ ০২ জন ব্যক্তির বিবরণ ;<br>(ঘ) ক্রয়কৃত ভোগ্যপণ্যের দরপত্র<br>(ঙ) ব্যাংকের বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| **২৭। আয়ের প্রমাণপত্রঃ** | (ক) আয়ের প্রমাণক হিসাবে প্রত্যয়নপত্র। |
| **২৮। দায়দেনার ঘোষণা ও বিবেচনা ঃ** | ঋণ গ্রহীতার দায়দেনার ঘোষণা গ্রহণ করতে হবে এবং মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক সঠিকভাবে যাচাই বাছাই করতে হবে। |

**২৯। ঋণ হিসাব স্থানামত্মরঃ**

**(ক)** বাংলাদেশ সমবায় ব্যাংকের কর্মকর্ত / কর্মচারীদের ক্ষেত্রে যাদের বেতন /ভাতা হতে কিস্তি আদায়যোগ্য তারা অন্যত্র বদলী হলে ঋণের কিসিত্ম সহজভাবে আদায়ের লক্ষ্যে তাদের ঋণ হিসাব বদলীকৃত অফিস/ শাখায় স্থানামত্মর করা যাবে।

**(খ)** অন্যান্য সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের স্থায়ী বদলীর ক্ষেত্রে তাদের বদলীকৃত অফিসের অফিস প্রধান এবং বেতন প্রদানকারী কর্মকর্তা/ প্রতিষ্ঠান কর্তৃক ঋণের কিস্তি কর্তনের বিষয়ে নিশ্চয়তা গ্রহণ সাপেক্ষে বদলীকৃত স্থানের কাছাকাছি কোন শাখায় ঋণ হিসাবটি স্থানান্তর করতে হবে।

**৩০। বিবিধঃ**

(ক) দ্রব্য সামগ্রীর ক্রয় মূল্য হতে নির্ধারিত ইক্যুইটি বাদ দিয়া ঋণ সীমা নির্ধারণ করা হবে যা কোন অবস্থাতেই সর্বোচ্চ সীমা অতিক্রম করতে পারবে না ;

(খ) যে সমস্ত কর্মকর্তা/ কর্মচারী চার্জশীটেড / বরখাস্তকৃত / সাময়িকভাবে বরখাস্তকৃত অথবা যাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে তাদের অনুকূলে আলোচ্য ঋণ মঞ্জুরী/ বিতরণ করা যাবে না;

(গ) প্রধান কার্যালয়ের প্রকল্প ঋণ বিভাগ কর্তৃক কেন্দ্রীয়ভাবে এই ঋণের তদারকী মনিটরিং ও রিপোর্টিং করা হবে